# বাংলাদেশ তৃতীয় শ্রেনী সরকারী কর্মচারী সমিতি

Bangladesh Class-III Govt. Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেনীভিত্তিক পেশাজীবী সংগঠন)

অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক,তেজগাও শিল্প এলাকা,ঢাকা।

e-mail: info@bgeac3.com web:wwwbgeac3.com


তারিখঃ- ১২/০২/২০১৩ ইং

সূত্র নং- বাতসকস/২০১৩

## সভার কার্যবিবরনী

অদ্য ১২/০২/২০১৩ ইং তারিখ বেলা ৫.০০ ঘটিকায় মহাখালীস্থ ত্রান ও পুনর্বাসন ভবন,৯২/৯৩ ঢাকা এর সমিতি কক্ষে বাংলাদেশ তৃতীয় শ্রেনী সরকারী কর্মচারী সমিতির দাবী বাস্তবায়ন প্রস্তাবনা উপ-কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন দাবী বাস্ত বায়ন প্রস্তাবনা উপ-কমিটির আহবায়ক জনাব মোঃ রশীদ উল্লাহ অনুষ্ঠানটি পরিচালনা করেন সদস্য- সচিব জনাব মোঃ রায়হান উদ্দিন চৌধুরী।

সভার শুরুতেই গত ০১/০২/২০১৩ ইং তারিখের রেজুলেশনের ৩নং ক্রমিক অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত উপস্থিত সকল সদস্যকে বর্তমানে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর অস্বাভাবিক মূল্য বৃদ্ধির প্রেক্ষাপট বিবেচনায় এনে অভিলম্বে জাতীয় বেতন স্কেল ঘোষনা ও বাস্তবায়ন এবং নতুন বেতন স্কেল বাস্তবায়ন না হওয়া পর্যন্ত অন্তবর্তীকালীন সময়ের জন্য ৬০% বেতন বৃদ্ধিকরণ সহ সমিতির ৬(ছয়) দফা দাবীর সমর্থনে একটি নিয়মতান্ত্রিক আন্দোলনের রুপরেখা প্রনয়ন ও এতদসংক্রান্ত ব্যয়ের বাজেটসহ আয়ের উৎস সম্বলিত একটি স্বয়ংসম্পূর্ন প্রস্তাব আলোচনার জন্য আহবান জানালে উপস্থিত প্রায় সকলেই গঠন মুলক আলোচনা পর্যালোচনা করেন যথাক্রমে ১। মোঃ সেলিম উল্যা, সভাপতি মহাখালী আঞ্চলিক কমিটি,অঞ্চল-৮ ২। মোঃ তরিকুল ইসলাম, সাংগঠনিক সচিব,কেনিপ ৩। মোঃ হারেছ,অর্থ সচিব,কেনিপ ৪। তাপস কুমার সাহা, যুগ্ন-মহাসচিব, কেনিপ্র ৫। মোঃ ফরিদুর রহমান, যুগ্ন-মহাসচিব,কেনিপ ৬। মোঃ শফীকুল ইসলাম, যুগ্ন-মহাসচিব,কেনিপ ৭। মোঃ আতাউর রহমান খান,অতিরিক্ত মহ-সচিব,কেনিপ ৮। মোঃ হাবিবুর রহমান,সহ-সভাপতি,কেনিপ ৯। মোঃ খায়রুল বাশার, সহ-সভাপতি,কেনিপ ১০। মোঃ নুরুন্নবী, সহ-সভাপতি,কেনিপ ১১। মোঃ ইব্রাহিম খলিল, সহ-সভাপতি,কেনিপ ১২। মোঃ মোস্তাফিজুর রহমান, সহ-সভাপতি,কেনিপ ও ১৩। নাজমা আক্তার, সহ-সভাপতি,কেনিপ। আলোচনায় কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতি জনাব মোঃ মাহফুজুর রহমান ও মহা-সচিব জনাব লুৎফর রহমান উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেন।

সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনা করে অবিলম্বে আন্দোলন কর্মসুচী ঘোষনা ও বাস্তবায়ন করার লক্ষে আয় ব্যায়ের হিসাব সহ নিম্ন লিখিত সিদ্ধান্ত গুলি গৃহীত হয়।

সিদ্ধান্ত ১। ফেব্রুয়ারী/২০১৩ এর মধ্যে সকল সরকারী প্রতিষ্ঠানের কর্মচারীদের মধ্যে কর্মসুচী সম্পর্কে অবহিত করার লক্ষে লিফলেট বিতরন। লিফলেটে যে সকল বিষয় অগ্রাধিকার পাবে তাহা নিন্মরুপঃ-(ক) দফায় দফায় গ্যাস,বিদ্যুত,জ্বালানী তৈলের মূল্য বৃদ্ধিতে টাকার অবমূল্যায়নে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর মূল্য ২০০৯ এর তুলনায় দ্বিগুন বৃদ্ধি পাওয়ায় জীবন যাপনের ব্যয়ের সাথে সংগতি রেখে অবিলম্বে নতুন জাতীয় বেতন কমিশন ঘোষনা ও বাস্তবায়ন করতে হবে। নতুন বেতন স্কেল বাস্তবায়ন না হওয়া পর্যন্ত অন্তবর্তী কালিন সময়ের জন্য জানুয়ারী ২০১৩ হতে ৬০% বেতন বৃদ্ধি করতে হবে। ৩য় শ্রেনী কর্মচারীদের জন্য বিদ্যমান ৬(ছয়) টি বেতন স্কেল বা গ্রেডের পরিবর্তে ৩(তিন) টি বেতন স্কেল নির্দ্ধারন করতে হবে। সকল ৩য় শ্রেনী কর্মচারীদেরকে কর্মকর্তাদের ন্যায় প্রতি পদে ৪(চার) বৎসর অন্তর দুই গ্রেড উপরে সিলেকশন গ্রেড প্রদান করতে হবে।

(খ) বাংলাদেশ সচিবালয়ের ষ্টেনোগ্রাফার, বাজেট সহকারী,উচ্চমান সহকারী,পুলিশের এস আই ও মাধ্যমিক স্কুলের সহকারী শিক্ষকদের ন্যায় সচিবালয় বহির্ভুত দপ্তর,পরিদপ্তর,বিভাগীয়, কমিশনার/জেলা প্রশাসকের দপ্তরে ও অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত ষ্টেনোগ্রাফার,প্রধান সহকারী,অডিটর,উচ্চমান সহকারী,ষ্টোর কিপার,হিসাব রক্ষক,কম্পিউটার অপারেটর,এসজি অপারেটর,এলএসজি/এপিএম/টিপিএম ও সমপদের সমমর্যাদার কর্মচারীদের পদবী যথাক্রমে ব্যক্তিগত কর্মকর্তা,প্রশাসনিক কর্মকর্তা,ষ্টোর অফিসার,হিসাব রক্ষক কর্মকর্তা,এবং প্রযোজ্য ক্ষেত্রে স্বপদে দ্বিতীয় শ্রেনীর পদমর্যাদা ও বেতনস্কেল প্রদান এবং এইচ,এস,জি পদবীকে প্রথম শ্রেনীতে উন্নিত করতে হবে। ডিপ্লোমা প্রকৌশলী ও ডিপ্লোমা নার্সদের ন্যায় সম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ডিপ্লোমা কৃষিবিদ,ডিপ্লোমা হেল্থ টেকনোলজিষ্ট,ডিপ্লোমা ফার্মাসিষ্ঠ ও ডিপ্লোমা প্রকৌশলী পদে পদোন্নতি প্রাপ্ত কর্মচারীদের দ্বিতীয় শ্রেনীর মর্যাদা ও বেতনস্কেল প্রদান করতে হবে।

(গ) প্রজাতন্ত্রের কর্মচারীদের জন্য এক বা অভিন্ন নিয়োগ বিধির প্রবর্তন। সরকারী প্রতিষ্ঠানে কর্মচারী নিয়োগে আউট সোর্সিং প্রথা বন্ধ করে ৩য় শ্রেনীর সকল শূন্য পদ পুরনার্থে নিয়োগ প্রদান। উন্নয়ন খাতের কর্মচারী,ওয়ার্কচার্জড,কন্টিজেন্সী ও এম আর কর্মচারীদের চাকুরীর শুরু থেকে নিয়মিত করন। সরকারী,আধা সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত গাড়ীচালক,কম্পিউটার অপারেটর, ও আইসিটি জনবলের পদ সমূহকে টেকনিকেল পদ হিসাবে স্বীকৃতি প্রদান, ৫টি টেকনিকেল ইনক্রিমেন্ট ও বেডিয়েশন ভাতা বা ঝুঁকি ভাতা প্রদান। অর্থ মন্ত্রনালয় কর্তৃক জারীকৃত উন্নয়নখাতভূক্ত কর্মচারীদের টাইমস্কেল প্রদানের বাতিল আদেশ প্রত্যাহার করাসহ সমিতির ৬(ছয়) দফা দাবী অনতিবিলম্বে বাস্তবায়ন করতে হবে।

সিদ্ধান্ত ২। মার্চ/২০১৩ এর প্রথম সপ্তাহে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে সরকারের নিকট দাবীর যুক্তিকতা তুলে ধরে পরবর্তী কর্মসূচী ঘোষনা।

সিদ্ধান্ত ৩। ঢাকা সহ প্রতিটি বিভাগ জেলা উপজেলাকে সম্পৃক্ত করে বেনার প্লে-কার্ড সহকারে মানব বন্ধন কর্মসূচী পালন করা।

সিদ্ধান্ত ৪। উক্ত কর্মসূচী বাস্তবায়নের জন্য সম্ভাব্য ব্যয় হবে সথাক্রমে ১। লিফলেট ঃ- ২০,০০০(বিশ)হাজার পিস =১৮,০০০/- টাকা ২। সাংবাদিক সম্মেলন হল ভাড়া ঃ- ৭,০০০/- টাকা খাবারঃ- ১০,০০০/- সাংবাদিক ও আনুসাংগিকঃ- ১৩,০০০/- ৩। মানব বন্ধন- বেনার ১৩টি ৫০০/-টাকা করে ৬৫০০/- প্লে-কার্ডঃ-৫০ টি ১০,০০০/- টাকা আনুসাংগিক -৫,০০০/- সর্বমোট= ৭০,০০০/-টাকা।

আয়ের উৎস ঃ- ঢাকা মহানগরীর ১০ টি অঞ্চলের প্রতি অঞ্চলকে ৩,০০০/- টাকা করে ৩০,০০০/-টাকা কেন্দ্রিয় নির্বাহী পরিষদের সভাপতি, কার্যকরী সভাপতি ও মহা-সচিব মোট ৩ জন ২,০০০/- টাকা করে মোট ৬,০০০/- টাকা সহ-সভাপতি ১,০০০/- টাকা করে ১৫ জন ১৫,০০০/- টাকা অতিরিক্ত মহাসচিব ১,০০০/- টাকা করে ২ জন ২,০০০/- টাকা অবশিষ্ট যুগ্ম-মহাসচিব থেকে নির্বাহী সদস্য পর্যন্ত ৫০০/- টাকা করে ৫১ জন ২৫,৫০০/- টাকা সর্বমোট টাকাঃ- ৭৮,৫০০/- টাকা।

উক্ত নির্দ্ধারিত টাকা নিজ নিজ দ্বায়িত্বে আগামী ২৪/০২/২০১৩ ইং তারিখের মধ্যে দাবী বাস্তবায়ন প্রস্তাবনা উপ-কমিটির সদস্য সচিব জনাব মোঃ রায়হান উদ্দিন চৌধুরীর নিকট জমা দিয়ে কর্মসূচী বাস্তবায়নের লক্ষে সবাইকে আহবান জানানো হয় এবং পরবর্তী সভা মোবাইল ফোনের মাধ্যম জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৫। সভায় উক্ত কমিটিতে আরো ৪ জন যথাক্রমে ১। মোঃ মোস্তাফিজুর রহমান, সহ-সভাপতি,কেনিপ ২। মোঃ ফরিদুর রহমান, যুগ্ম-মহাসচিব,কেনিপ ৩। মোঃ তরিকুল ইসলাম, সাংগঠনিক সচিব,কেনিপ ও ৪। মোঃ সেলিম উল্যা, সভাপতি মহাখালী আঞ্চলিক কমিটি,অঞ্চল-৮ কে অন্তর্ভূক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও সভার সুস্বাস্থ্য কামনা করে আজকের মত সমাপ্তি ঘোষনা করেন।

১২/২/২০১৩ ইং

(মোঃ রশীদ উল্লাহ)
সভার সভাপতি ও
আহবায়ক
দাবী বাস্তবায়ন প্রস্তাবনা উপ-কমিটি
০১৬৭০২৬১৫০১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইলঃ-

১। সভাপতি/মহা-সচিব, বাংলাদেশ তৃতীয় শ্রেনী সরকারী কর্মচারী সমিতি,কেন্দ্রিয় পরিষদ।
২। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ তৃতীয় শ্রেনী সরকারী কর্মচারী সমিতি,ঢাকা মহানগর।
৩। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ তৃতীয় শ্রেনী সরকারী কর্মচারী সমিতি,ঢাকা মহানগর আঞ্চলিক কমিটি।
৪। জনাব/জনাবা,.............................................................................. বাংলাদেশ তৃতীয় শ্রেনী সরকারী কর্মচারী সমিতি।

(মোঃ রায়হান উদ্দিন চৌধুরী)
সদস্য-সচিব
দাবী বাস্তবায়ন প্রস্তাবনা উপ-কমিটি
০১৭১৬৪০৮৯৯২